



ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি
কানাইপুর, ফরিদপুর।

Email: faridpur_pbs@hotmail.com

স্মারক নং-২৭.১২.২৯৪৭.৫৪৭.০২.০১৫.২২-২৮৭৭

তারিখ- ২৯ চৈত্র, ২০২৮ বঙ্গাব্দ
১২ এপ্রিল' ২০২২ খ্রিষ্টাব্দ

“ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ”

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির কমন ষ্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য সার্ভার ও সার্ভার এক্সেসরিজ(সার্ভারের ইউপিএস সহ) (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিলামে বিক্রয়ের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহর যুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ (টি)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	ব্যবহার অযোগ্য সার্ভার ও সার্ভার এক্সেসরিজ(সার্ভারের ইউপিএস সহ) Brand: HP, Model: ML350	০১		
সর্বমোট =				

শর্তাবলী :

- ০১। আগ্রহী দরদাতাগণ আগামী ২৭/০৪/২০২২খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা, (খ) ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর এর রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। নিলাম দরপত্র সমূহ আগামী ২৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত নিলাম দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে।
- ০২। নিলামে বিক্রয়যোগ্য ব্যবহার অযোগ্য সার্ভার ও সার্ভার এক্সেসরিজ(সার্ভার ইউপিএস সহ) ২৬/০৪/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর এ পরিদর্শন করা যাবে।
- ০৩। নিলামে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে ; অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হবে না। খামের উপর অবশ্যই “নিলাম দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৪। কৃতকার্য নিলাম দরদাতাকে বিক্রয়াদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য এবং দাখিলকৃত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও উৎস কর নগদ অথবা ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ সাপেক্ষে মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানত বাবদ প্রদেয় সমুদয় অর্থ সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ০৫। বাপবিবোর্ড কর্তৃক অনুমোদিত সর্বনিম্ন নিলাম মূল্যের নিচে কোন দর গ্রহণ করা হবে না। সর্বনিম্ন নিলাম দরের নিচে দাখিলকৃত দর বাতিল বলে গণ্য হবে।
- ০৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৭। শর্ত বহির্ভূত কোন সমস্যার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


স্বাঃ

(মোঃ আবুল হাসান)
জেনারেল ম্যানেজার

অনুলিপি : (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা(বাপবিবোর্ডের ওয়েব সাইডে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ফরিদপুর।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস/১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ফরিদপুর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ফরিদপুর।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ০৮। ডিজিএম, (নগরকান্দা জোঃ অঃ)/ এজিএম (অর্থ)/এজিএম(আইটি), ফরিদপুর পবিস।
- ০৯। ওয়েব সাইট/ নোটিশ বোর্ড, ফরিদপুর পবিস।
- ১০। মেসার্স.....।
- ১১। অফিস কপি/মাষ্টার কপি।

আগামী ০৯/০৫/২০২২ খ্রিঃ তারিখ উপস্থিত থেকে নিলাম দরপত্র মূল্যায়ন কাজে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ আবুল হাসান)
জেনারেল ম্যানেজার